# ডাকসুতে জিন্নাহর ছবি প্রদর্শনে ছাত্রদলের প্রতিবাদ




ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সংগ্রহশালায় মুহাম্মদ আলী জিন্নাহর ১৯৪৮ সালের ছবি প্রদর্শনের প্রতিবাদ জানিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল। সংগঠনটির দাবি, এতে ভাষা আন্দোলন ও স্বাধীনতার সংগ্রামের ঐতিহ্যকে অবমাননা করা হয়েছে।

সোমবার (১৪ আগস্ট) এক বিজ্ঞপ্তিতে ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির এ প্রতিবাদ জানান।

তারা বলেন, ১৯৪৮ সালে জিন্নাহর উর্দুকে রাষ্ট্রভাষা করার ঘোষণার বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রতিবাদ করেছিলেন। বিবৃতিতে বলেন, বাংলার স্বাধিকার আন্দোলনের সঙ্গে যুক্ত ডাকসুর সংগ্রহশালায় জিন্নাহর ছবি প্রদর্শন সেই ইতিহাসের প্রতি অসম্মান।

LENS ASIA